বিষয় কোড: | ১ | ০ | ১ |

বাংলা প্রথম পত্র: সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান — ৬০

[**দ্রষ্টব্য:** প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রত্যেক বিভাগ হতে **দু'টি** করে মোট **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে। গ বিভাগে যে কোনো **একটি** উপন্যাস থেকে উত্তর করতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১.▶ পদ্মার বুকে চর জেগেছে। নদী ভাঙা মানুষ এসে আশ্রয় নিয়েছে। এখানে ঘর তুলে চাষাবাদ করে নিঃস্ব মানুষগুলো যেন বেঁচে থাকার একটা আশ্রয়স্থল খুঁজে পেতে শুরু করেছে। ঠিক তেমনি একদিন মহাজনের লাঠিয়ালরা চরে এসে হাজির হলো। মহাজনের নির্দেশে তারা নিরীহ চরবাসীদের উচ্ছেদ করল। মুখর চর আবার নিথর হয়ে পড়ল।

ক. তুলসী গাছটি কী বারে আবিষ্কৃত হয়েছিল? ১

খ. 'উপড়ে ফেলতে হবে ওটা'-কেন ওটা উপড়ে ফেলতে হবে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত নদীভাঙা মানুষগুলোর সাথে 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে চরিত্রগুলোর মিল ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মুখরা চর আবার নিথর হয়ে পড়ল'-উদ্দীপকে বর্ণিত এ ঘটনাটি 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে কীভাবে প্রতিস্থাপিত হয়েছে? বিশ্লেষণ করো। ৪

২.▶ রুমী সাধারণ বাঙালি মেয়ে হলেও যথেষ্ট আত্মসচেতন। বিয়ের পর শ্বশুরবাড়ির সাথে খাপ খাওয়াতে সামান্য কিছু সমস্যা হলেও প্রতিবাদী ও স্বচ্ছ মন-মানসিকতার কারণে তার তেমন মানসিক সমস্যা হয়নি। স্বামী সাদাদ তাকে ভালোবাসলেও তার পরিবারের অন্যান্য সদস্যরা তাকে সহজভাবে মেনে নিতে পারেনি কিন্তু প্রখর বুদ্ধিমত্তার কারণে কেউ তাকে কোণঠাসা করতে পারেনি।

ক. অপুর বোনের নাম কী? ১

খ. 'সে আমার সম্পত্তি নয়, সে আমার সম্পদ।' উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. রুমী ও হৈমন্তী চরিত্রের তুলনামূলক আলোচনা করো। ৩

ঘ. 'প্রখর বুদ্ধিমত্তার কারণে কেউ তাকে কোণঠাসা করতে পারেনি।' রুমী চরিত্রের আলোকে 'হৈমন্তী' চরিত্রের দুর্বল দিকগুলো বিশ্লেষণ করো। ৪

৩.▶ জাফর সাহেবের বয়স পঁচাত্তর বছরের ওপর। বয়োবৃদ্ধ হওয়া সত্ত্বেও তিনি প্রাণোচ্ছল এক মানুষ। মনে প্রাণে তিনি এখনও তারুণ্যের পুজারী। অথচ তারই পঁচিশ বছরের নাতি জাহিদ একেবারে আলাদা। সে সব সময় সবকিছু থেকে নিজেকে গুটিয়ে রাখতে চায়।

ক. গানের পাখিকে তাড়া করে কে? ১

খ. 'যৌবনের মাতৃরূপ' বলতে লেখক কী বুঝিয়েছেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের জাফর সাহেবকে 'যৌবনের গান' প্রবন্ধে তারুণ্য না বার্ধক্যের অন্তর্ভুক্ত করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বার্ধক্যকে সময়মত বয়সের ফ্রেমে বাঁধা যায় না।' নজরুলের উক্তিটির সার্থকতা উদ্দীপক অনুসারে মূল্যায়ন করো। ৪

Copyright © Shah Jamal

http://teachingbd.com

খ অংশ — কবিতা

৪. ▶ মৃত্যু সংসারের একটি অতি সাধারণ ঘটনা, কিন্তু তার একটা স্বাভাবিকতা আছে। যখন স্বাভাবিকতা ধ্বংস হয় তখনি ঘটনা ভয়াবহ হয়ে উঠে। কিন্তু সমাজে এমন কিছু মানুষ আছে যারা এই ভয়াবহতাকে দীর্ঘ সময় আঁকড়ে ধরে থাকে। বৃদ্ধদের মৃত্যু আমাদের বিচলিত করলেও খুব বেশি আকুল করে না। ভালোবাসা সব সময় নিচের দিকে প্রবাহিত হয়। তাই তার পিতার মৃত্যু মানতে সন্তান বা নাতি নাতনীর মৃত্যু মেনে নিতে পারি না। যখন আমাদের কাছে বিশাল শূন্যতা আকারে এমন ঘটনা ঘটে তখন আমরা জীবনের স্মৃতি বিশ্বাস হারিয়ে ফেলি। সংসার .... দেখা দেয়। কিন্তু এরপরও আমরা বেঁচে থাকার স্বপ্ন দেখি।

ক. নাতনী কিভাবে মারা গিয়েছিল? ১
খ. দাদীর সংক্ষিপ্ত পরিচয় দাও। ২
গ. উদ্দীপকের আলোকে কবর কবিতা বিশ্লেষণ করো। ৩
ঘ. উদ্দীপক এবং কবর কবিতা আলোচনা করে দেখাও– 'ট্রাজেডি আমাদের আনন্দ দেয়'। ৪

৫. ▶ নব জীবনের নব উত্থান আজান ফুকারি এসো নকীব
জাগাও ঝড় জাগাও জীব
জাগে দুর্বল জাগে ক্ষুধাক্ষীণ
জাগিছে কৃষাণ ধুলায় মলিন
জাগে গৃহহীণ জাগে পরাধীন
জাগে মজলুম বদ নসীব
মিনারে মিনারে জাগে আহ্বান
আজি জীবনের নব উত্থান
শঙ্কাহরণ জাগিয়ে জোয়ান
নব জীবনের নব উত্থান আজান ফুকারি এসো নকীব

ক. 'জীবন বন্দনা' কবিতায় মৃত কাদের বন্দনা করা হয়েছে? ১
খ. 'জীবন বন্দনা' কবিতায় বর্ণিত শ্রমজীবীদের কাজের বিবরণ দাও। ২
গ. আলোচনা করে বুঝিয়ে দাও-উদ্দীপক এবং 'জীবন বন্দনা' কবির মূল সুর একটি। ৩
ঘ. উদ্দীপকের সাহায্য নিয়ে 'জীবন বন্দনা' কবিতায় বর্ণিত গতিশীলতার পরিচয় দাও। ৪

৬. ▶ হাজার বছর ধরে আমি পথ হাঁটতেছি পৃথিবীর পথে,
সিংহল সমুদ্র থেকে নিশিথের অন্ধকারে মালয় সাগরে
অনেক ঘুরেছি আমি বিম্বিশার অশোকের ধূসর জগতে
সেখানে ছিলাম আমি; আরো দূর, অন্ধকারে বিদর্ভ নগরে;
আমি ক্লান্ত প্রাণ এক, চারদিকে জীবনের সমুদ্র সফেন, আমারে দুদন্ড শান্তি দিয়েছিল নাটরের বনলতা সেন।

ক. ভরা নদীর স্রোত কেমন ছিল? ১
খ. 'সোনার তরী' কবিতায় বর্ণিত বাঁকা জল কোন কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করে? ২
গ. উদ্দীপক এবং 'সোনার তরী' কবিতায় বর্ণিত বহমানের কালের মিল-অমিল বের করো। ৩
ঘ. উদ্দীপক এবং 'সোনার তরী' কবিতার আলোকে ব্যক্তিসত্তার করুণ পরিণতির বিশ্লেষণ করো। ৪

Copyright © Shah Jamal

গ অংশ — সহপাঠ

৭.▶ বর্ষা প্রায় শেষ। এখন আর মাছ পাওয়া যায় না তিতাস নদীতে। তিতাসের বুক ভরা জল, প্রাণ কাড়া ঢেউ আর আকর্ষণ করে না আমাদের। তিতাস পাড়ের মালোদের অবস্থা আজ শোচনীয় কর্মচঞ্চল কিশোর এখন আর মাছ ধরার জন্য তিতাসে ঝাঁপিয়ে পড়ে না। তার ওপর চলে রাজনীতিবিদদের শোষণ আর নিপীড়ন।

ক. টাকার অভাবে কুবের কার পুকুর জমা নিতে পারে না? ১

খ. শরীর থাক আর যাক, এসময় একটা রাত্রে ঘরে বসিয়া থাকিলে কুবেরের চলিবে না- একথাটি কেন বলা হয়েছে ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সাদৃশ্য-বৈসাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো।৩

ঘ. 'তার ওপর চলে রাজনীতিবিদদের শোষণ আর নিপীড়ন'। উদ্দীপকের এ উক্তিটি 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে কীভাবে প্রতিফলিত হয়েছে- ব্যাখ্যা করো। ৪

৮.▶ রহিম বেড়ে উঠেছে কমলাপুরের বস্তিতে। পাশেই বিশাল স্টেশনের দিকে তাকিয়ে অবাক হয়। এত জায়গা স্টেশনে অথচ তার থাকার জায়গা একোবরেই সামান্য। এ বস্তির ঘরগুলো এতো ছোটছোট ও গাদাগাদি করে তৈরি।পাশে জায়গা থাকলেও সেখানে ঘর তৈরি করার অধিকার ও সামর্থ কোনটাই তাদের নেই।

ক. মেজকর্তার নাম কী? ১

খ. 'ঈশ্বর থাকেন এই গ্রামে, ভদ্রপল্লীতে। এখানে তাহাকে খুঁজিয়া পাওয়া যায় না।"-উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সাথে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সাদৃশ্য-বৈসাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'পাশে জায়গা থাকলেও সেখানে ঘর তৈরি করার অধিকার ও সামর্থ কোনটাই তাদের নেই।' উদ্দীপকের এ উক্তিটি পদ্মানদীর মাঝি' উপন্যাসে কোন পরিস্থিতিকে নির্দেশ করে, যুক্তিসহ উপস্থাপন করো। ৪

৯.▶ সময়ের সাথে সাথে পদ্মা ও পদ্মাতীরবর্তী মানুষের অনেক পরিবর্তন হয়েছে। উন্মত্ত পদ্মা আজ মৃতপ্রায়। মাছের আড়তের স্থান দখল করে নিয়েছে আজ বালির আড়ৎ। এখন বালি নিয়ে চলছে রাজনীতি। বালি শ্রমিকরা নির্যাতিত হচ্ছে রাজনীতিবিদদের হাতে।

ক. পদ্মানদীর মাঝি উপন্যাসটি কোন ধরনের উপন্যাস? ১

খ. 'গরিবের মধ্যে সে গরিব, ছোটলোকের মধ্যে সে আরও বেশি ছোটলোক'- উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সাথে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সাদৃশ্য-বৈসাদৃশ্য কোথায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপক ও 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের মূলধারা এক সেই ধারার উৎস নির্ণয় করো। ৪

Copyright © Shah Jamal
http://teachingbd.com

বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট **পূর্ণমান — ৪০**

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'বীরবল' ছদ্মনামে কে লিখতেন?
(ক) প্রমথ চৌধুরী (খ) কাজী নজরুল ইসলাম
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) সুকান্ত ভট্টাচার্য

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নম্বর প্রশ্নের উত্তর দাও

কল্প দ্রং জরুরি কাজে শহরে এসেছে। সকাল থেকে ঘোরাঘুরি করে ক্ষুধার্ত হয়ে খাবার চাইলে হোটেল মালিক বলল, "আদিবাসীদের জন্য দুনম্বর বাসন আমার হোটেলে রাখি না।

২. কল্প দ্রং এর সঙ্গে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?
(ক) খুড়া (খ) ন্যাড়া (গ) বিলাসী (ঘ) মৃত্যুঞ্জয়

৩. কল্প দ্রং এর প্রতি হোটেল মালিকের মনোভাব 'বিলাসী' গল্পের যে প্রসঙ্গের সঙ্গে সঙ্গতিপূর্ণ তা হলো—
i. অস্পৃশ্যতা ii. অজ্ঞতা
iii. ব্রাহ্মণবাদ
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i ও ii

৪. 'হৃদয় ছুঁয়ে যাওয়া সিক্ত নীলাম্বরী'– চিত্রকল্পে কী প্রকাশিত হয়েছে?
(ক) অভিমান ও রাগ (খ) বিষন্নতা ও উদাসীনতা
(গ) বিহ্বলতা ও আকুতি (ঘ) হৃদয়াবেগ ও রূপমুগ্ধতা

৫. 'মাঘের সন্ন্যাসী' বলতে বোঝানো হয়েছে—
i. মাঘ মাসে আগত সন্ন্যাসী
ii. সর্বত্যাগী, সর্বরিক্ত সন্ন্যাসী
iii. কুয়াশার চাদর জড়ানো মাঘের শীত
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও

প্রচণ্ড ঝড়ে মাঝ নদীতে তুষারের নৌকাটি ডুবে যায়। ভেসে যাওয়া একটি বড় কাঠের খণ্ডকে সে প্রাণপণ আঁকড়ে ধরে। কিন্তু স্রোতের প্রচণ্ডতায় কাঠ খণ্ডটি হয়ে যায় হাতছাড়া।

৬. উদ্দীপকের সাথে 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পের যে ঘটনার সাদৃশ্য রয়েছে—
i. উদ্বাস্তুদের সদলবলে বাড়ি ত্যাগ করার
ii. তুলসী গাছটি আবার বিবর্ণ হওয়ার
iii. গৃহকর্ত্রীর বিষণ্ণ শাড়িটি স্বল্প হাওয়ায় দোলার
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

৭. তুষারের অসহায়ত্বের জন্য দায়ী প্রাকৃতিক দুর্যোগ কিন্তু তুলসী গাছটির অসহায়ত্বের মূলে রয়েছে—
(ক) সামাজিক অস্থিরতা (খ) রাজনৈতিক ঘূর্ণাবত
(গ) অর্থনৈতিক অস্বচ্ছলতা (ঘ) যুদ্ধকালীন সংকট

৮. 'এক সময় সূর্যকে ঢেকে দেয় অনেক'—
(ক) পাখির ডানা (খ) মেঘের পালক
(গ) ধুলোর ঝড় (ঘ) আঁধারের ঝালর

৯. কবি শামসুর রহমানের জন্ম কোথায়?
(ক) ঢাকায় (খ) ভোলায়
(গ) নরসিংদিতে (ঘ) ভোলায়

১০. কবির কাজ কাব্য সৃষ্টি করা, আর শিক্ষকের কাজ হচ্ছে—
i. তা বধ করা
ii. তার শবচ্ছেদ করা
iii. তার তত্ত্ব আবিষ্কার করে প্রচার করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. 'মজলুম' শব্দের শাব্দিক অর্থ কী?
(ক) অনাহারী (খ) বঞ্চিত
(গ) অত্যাচারী (ঘ) অত্যাচারিত

১২. 'সন্ধ্যার উন্মেষের মতো' এটি একটি—
(ক) উপমা (খ) উৎপ্রেক্ষা
(গ) চিত্রকল্প (ঘ) রূপকল্প

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও

সবাই যখন বুদ্ধি জোগায়
আমরা করি ভুল।
সাবধানীরা বাঁধ বাধে সব
আমরা ভাঙি কূল।

১৩. উদ্দীপকের ভাবের সঙ্গে নিচের কোন চরণটির মিল রয়েছে?
(ক) আঠারো বছর বয়স ভয়ঙ্কর
(খ) এ বয়সে কানে আসে কত মন্ত্রণা
(গ) বিপদের মুখে এ বয়স অগ্রণী
(ঘ) এ বয়স জানে রক্তদানের পুণ্য

১৪. উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতার কোন ভাবটি প্রকাশিত হয়েছে?
(ক) যন্ত্রণা (খ) সাহস
(গ) সম্ভাবনা (ঘ) সতর্কতা

১৫. HIV এর পূর্ণরূপ কী?
(ক) Human Immunodeficiency Virus
(খ) Human Immune Virus
(গ) Human Immune deficincy Virus
(ঘ) Human Immuno deficincy Virus

১৬. 'কলিমদ্দি দফাদার' গল্পে বর্ণিত কাঠের পুল কিসের তাৎপর্য বহন করে?
i. দুর্বল অবকাঠামোর
ii. অনুন্নত আর্থ-সামাজিক অবস্থার
iii. গ্রামীণ ঐতিহ্যের
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) iii (ঘ) ii ও iii

১৭. 'যৌবনের মাতৃরূপ' বলতে বোঝানো হয়েছে—
(ক) সেবাপরায়ণতা (খ) স্নেহপরায়ণতা
(গ) সাহসিকতা (ঘ) স্পর্শকাতরতা

১৮. 'দোহাই মানা'– বাগধারাটির প্রায়োগিক অর্থ—
(ক) নজির দেখানো (খ) কথা রাখা
(গ) দিব্যি দেয়া (ঘ) দোষারোপ করা

Copyright © Shah Jamal

১৯. 'খালি দেখালেও খালি নয়' 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে কী হয়ার কথা বলা হয়েছে?
ক) আঙিনা খ) বারান্দা
গ) ঘর ঘ) চৌকি

২০. 'হীরক ও কাচ যমজ হলেও সহোদর নয়' দুটোর মধ্যে বাস্তব সম্পর্ক কী?
ক) আসল নকল খ) দা-কুমড়া
গ) ভাল-মন্দ ঘ) সমগোত্রীয়

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও

আজি বসন্তা জাগ্রত দ্বারে
তব অবগুণ্ঠিত কুণ্ঠিত জীবনে
কোরো না বিড়ম্বিত তারে।

২১. অনুচ্ছেদের মূল বাবনা যে চরণে প্রতিফলিত হয়েছে—
ক) তরী তার এসেছে কি? বেজেছে কি আগমনী গান
খ) বসন্ত বন্দনা তব কণ্ঠে শুনি এ মোর মিনতি
গ) হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়
ঘ) কহিলা, উপেক্ষায় ঋতুরাজ কেন কবি দাও তুমি ব্যথা

২২. উদ্দীপকের কবি প্রতিনিধিত্ব করে—
i. কবির ii. কবি ভক্তের
iii. বসন্তের
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i ও iii

২৩. অজ্ঞা-অচেতন অবস্থায় মৃত্যুঞ্জয় কতদিন পড়েছিল?
ক) পাঁচ-দশ দিন খ) দশ-পনের দিন
গ) পনের-বিশ দিন ঘ) বিশ-পঁচিশ দিন

২৪. 'রামায়ন শ্রবণ করে মহির্ষিরাও আনন্দে আত্মহারা হয়েছিলেন'– কারণ এটা ছিল বাল্মীকির—
ক) স্বতঃস্ফূর্ত রচনা খ) শিক্ষামূলক রচনা
গ) জ্ঞানমূলক রচনা ঘ) সচেতনতামূলক রচনা

২৫. 'রাত পোহাবার কত দেরি পাঞ্জেরি'? এ পঙক্তির মাত্রা সংখ্যা—
ক) ৬ + ৬ + ২ = ১৪ খ) ৬ + ৪ + ৪ = ১৪
গ) ৮ + ২ + ৪ = ১৪ ঘ) ৬ + ২ + ৬ = ১৪

২৬. তুলসী গাছটি প্রথমে কে দেখতে পেয়েছিল?
ক) মতিন খ) ইউনুস
গ) মোদাব্বের ঘ) হাবিবুল্লাহ

২৭. 'কুঁড়ি' শব্দটির বুৎপত্তি নির্দেশ করা হয়েছে কোনটিতে?
ক) কুঁড়ি < কুড়ি খ) কুঁড়ি < কোরক
গ) কুঁড়ি > কুড়ি ঘ) কুঁড়ি > কোরক

২৮. 'ট্যাবু' কথাটির অর্থ কী?
ক) লাগাম ছাড়া খ) নিষিদ্ধ
গ) গোপনীয় ঘ) মাদক দ্রব্য

২৯. 'জিন্দেগানির বা'ব বলতে বোঝানো হয়েছে—
ক) জীবনের জয়কে খ) জীবনের পরাজয়কে
গ) জীবনের ক্ষয়কে ঘ) জীবনের পর্যায়কে

৩০. 'আমরা পাপের শাস্তি' এ কথার মধ্য দিয়ে কী প্রকাশিত হয়েছে?
ক) প্রায়শ্চিত্ত খ) সংস্কার
গ) কুসংস্কার ঘ) অভিমান

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও

ফুলের মতন মুখখানি তার দেখিতাম যবে চেয়ে,
তোমার দাদির ছবিখানি মোর হৃদয়ে উঠিত ছেয়ে।

৩১. উদ্দীপকে বর্ণিত 'তার' এবং 'মোর' সাথে 'একটি ফটোগ্রাফ' কবিতার মিল কোথায়?
ক) অতিথি ও সন্তানের খ) সন্তান ও পিতার
গ) অতিথি ও পিতার ঘ) ঊর্ণজাল ও ফটোগ্রাফের

৩২. উদ্দীপকের বক্তার অনুভূতি 'একটি ফটোগ্রাফ' কবিতার কোন বৈশিষ্ট্যের সাথে সম্পর্কিত?
ক) আত্মজিজ্ঞাসা খ) নির্বিকারত্ব
গ) নিষ্ঠুরতা ঘ) অন্তরের হাহাকার

৩৩. 'পাঞ্জেরি' কবিতায় 'অসীম কুয়াশা' বলতে কী বোঝানো হয়েছে?
ক) জাতীয় জীবনের অচলাবস্থা
খ) ঐতিহ্যের পুনরুদ্ধার
গ) জাতীয় সমৃদ্ধি ঘ) জাতীয় ঐক্য

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও

ঘৃণার প্রবল মন্ত্রে জাগ্রত
স্বদেশের তরুণ হাতে
নিত্য বেজেছে অবিরাম
মেশিন গান, মর্টার, গ্রেনেড

৩৪. উদ্দীপকের সাথে 'কলিমদ্দি দফাদার' গল্পের মিল রয়েছে—
i. বক্তব্যে ii. পটভূমিতে
iii. পরিণতিতে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) iii

৩৫. 'ঘৃণার প্রবল মন্ত্রে জাগ্রত' উক্তিটি 'কলিমদ্দি দফাদার' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?
ক) কলিমদ্দি দফাদারের খ) মুক্তিযোদ্ধাদের
গ) সর্বস্তরের জনগণের ঘ) পাক বাহিনীর

৩৬. 'একটি ফটোগ্রাফ' কবিতার প্রথম স্তবকের বৈশিষ্ট্য কী?
ক) নাটকীয়তা খ) আত্মজিজ্ঞাসা
গ) হৃদয়ের হাহাকার ঘ) সংলাপধর্মীতা

৩৭. 'অপরাহ্নের গল্প' এর আক্ষরিক অর্থ কী?
ক) সকালের গল্প খ) বিকালের গল্প
গ) সন্ধ্যার গল্প ঘ) বিদায়ের গল্প

৩৮. 'যৌবনের গান' রচনায় কোন নদীর নাম উল্লেখ আছে?
ক) পদ্মা-ভাগীরথী খ) পদ্মা-যমুনা
গ) মেঘনা-গোমতী ঘ) পদ্মা-গোমতী

৩৯. 'কলিমদ্দি দফাদার কারো কাছে ধার কর্যের জন্য হাত পাতে না।' এতে তার চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে?
ক) দারিদ্র্য খ) আত্মমর্যাদা
গ) সংকীর্ণ মানসিকতা ঘ) উদারতা

৪০. 'উচ্ছৃগ্য' শব্দের অর্থ কী?
ক) উৎসর্গ খ) উৎসব গ) উচ্ছন্ন ঘ) উচ্ছ্বাস

উত্তরমালা

১	ক	২	গ	৩	ক	৪	ঘ	৫	ঘ	৬	ক	৭	খ	৮	খ	৯	গ	১০	ঘ	১১	ঘ	১২	ক	১৩	ক	১৪	ঘ
১৫	গ	১৬	ঘ	১৭	ক	১৮	গ	১৯	গ	২০	খ	২১	খ	২২	ঘ	২৩	ঘ	২৪	ক	২৫	ক	২৬	গ	২৭	ঘ	২৮	ঘ
২৯	ঘ	৩০	গ	৩১	খ	৩২	ঘ	৩৩	ক	৩৪	গ	৩৫	খ	৩৬	ঘ	৩৭	খ	৩৮	ক	৩৯	খ	৪০	ক				

Copyright © Shah Jamal